

নং- ২৬.০২.০০০০.০৩১.৫৮.৬২৯.২১/১৯৮

তারিখঃ ১৩ অশ্বিন' ১৪২৯ বঙ্গাব্দ
২৮ সেপ্টেম্বর' ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ আগামী ১৬-১৮ জানুয়ারী' ২০২৩ সময়ে SAO PAULO, PRET-A-PORTER 2023- 12th International Trade Fair for the Fashion, Garment & Accessories Industry Fair, Brazil শীর্ষক মেলায় অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান।


উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ১৬-১৮ জানুয়ারী' ২০২৩ সময়ে SAO PAULO, PRET-A-PORTER 2023, Brazil শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। মেলাটি এ্যাপারেলস, ফ্যাশন, গার্মেন্টস এক্সসেসরিজ খাতের জন্য একটি সম্ভাবনাময় সোর্সিং মেলা। এছাড়া, দক্ষিণ আমেরিকা অঞ্চলের ক্রেতাদের সাথে সংযোগ স্থাপনপূর্বক নতুন বাজার অন্বেষণের জন্য মেলাটি একটি আদর্শ প্ল্যাটফর্ম। প্রস্তাবিত মেলায় ৯ বর্গমিটার আয়তন বিশিষ্ট বুথের ফি টাঃ ৪,৫২,০০০.০০ (চার লক্ষ বাহান হাজার টাকা) মাত্র নির্ধারণ করা হয়েছে। বুথ মূল্যের উপর প্রতিষ্ঠানের রপ্তানি আয় বিবেচনাপূর্বক টেবিল উল্লেখিত হারে ভর্তুকি প্রদান করা হবেঃ

তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

| ক্রঃ নং | রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার | ক্যাটাগরী | ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---------|----------------------------------|-----------|--------------------------------------|
| ০১ | ১০ এর উপরে | "ক" | ৩০% |
| ০২ | ০৫-১০ | "খ" | ৪০% |
| ০৩ | ০৫ এর নিচে | "গ" | ৫০% |

০২। বর্ণিতাবস্থায়, আপনার সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্র পূরণপূর্বক আবেদনপত্রে উল্লেখিত ডকুমেন্টস সংযুক্ত করে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি রপ্তানি উন্নয়ন ব্যুরো এর অনুকূলে পে-অর্ডার আকারে আগামী ২৯ অক্টোবর' ২০২২ তারিখের মধ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরোর মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্রের ছক www.epb.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

০৩। স্মার্তব্য, ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে রপ্তানি উন্নয়ন ব্যুরোর উপর কোন দায় দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরত দেওয়া হবে।



(আবু মোখলেছ আলমগীর হোসেন)

পরিচালক (মেলা)

ই-মেইল: amahepb75@gmail.com

বিতরণ : সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী # ৭/৭এ, সেক্টর # ১৭, ব্লক # এইচ-১, উত্তরা, ঢাকা। ই :মেইল-
info@bgmea.com, fair@bgmea.com
- সভাপতি, বাংলাদেশ নীটওয়ার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। ই-মেইল: bkfair@bkmea.com
- সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন, ইউনিক ট্রেড সেন্টার (লেবেল-৮), ৮, পাশুপথ, কাওরান বাজার, ঢাকা।
E-mail: btmasg@gmail.com
- সভাপতি, বাংলাদেশ স্পেশলাইজড টেক্সটাইল মিলস এন্ড পাওয়ারলুম ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন, পল্টন টাওয়ার (৩য় তলা), ৮৭ পুরানা পল্টন, ঢাকা-১০০০। bstmpia@yahoo.com
- সভাপতি, বাংলাদেশ টেরী টাওয়ার লিলেন ম্যানুঃ এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, পল্টন টাওয়ার, ৮৭ পুরানা পল্টন লেন (সাউথষ্ট কর্নার), ঢাকা-১০০০। E-mail: btla@aitlbd.net
- সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস অ্যাকসেসরিজ অ্যান্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএপিএমইএ), সোনারগাঁও টাওয়ার (১০ম তলা), সোনারগাঁও লিংক রোড, বাংলামোটর, ঢাকা-১০০০. ই-মেইল:
bgapmea@gmail.com, zilkad1972@gmail.com
- প্রোগ্রামার, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা। বিজ্ঞপ্তিটি ইপিবি ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।